

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আটঘরিয়া, পাবনা।

স্মারক নং-১৩.০১.৭৬০৫.০০১.৫৭.০২৬.২৫- ৬০৮

তারিখ- ০৯/০৭/২০২৫খ্রি:

বিষয়ঃ খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তাদের ডাটাবেজে তথ্য আপলোড ও হালনাগাদকরণ প্রসঙ্গে।

- সূত্র: (১) খাদ্য মন্ত্রণালয়, সরবরাহ-১ শাখা, ঢাকা মহোদয়ের ১৪/১০/২০২৫খ্রিঃ তারিখের ১৩.০০.০০০০.০০০.০৪৬.৩৬.০০০১.২০.২০৭ নং স্মারক।
(২) খাদ্য মন্ত্রণালয়, সরবরাহ-১ শাখা, ঢাকা মহোদয়ের ২৯/০৬/২০২৫খ্রিঃ তারিখের ১৩.০০.০০০০.০০০.০৪৬.৫১.০০০১.১৭.১৮৩ নং স্মারক।
(৩) উপজেলা নির্বাহী অফিসার আটঘরিয়া পাবনার ০৫/০২/২০২৫খ্রিঃ তারিখের ০৫.৪৩.৭৬০৫.০০০.০৬.০১০.২৫.৮৯ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, আটঘরিয়া উপজেলায় খাদ্যবান্ধব কর্মসূচিতে অযাচাইকৃত ৪০ জন ভোক্তা তালিকায় অন্তর্ভুক্ত করার জন্য নির্দেশনা পাওয়া গেছে। উল্লেখিত সংখ্যা মোতাবেক নতুন ভোক্তার তালিকা নির্ধারিত ছকে প্রনয়ন করে ইউনিয়ন খাদ্যবান্ধব কমিটির সভার কার্যপত্রসহ আগামী ১৫/০৭/২০২৫খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, আটঘরিয়া, পাবনা দপ্তরে প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরি।


ক্রঃনং	ইউনিয়নের নাম	অযাচাইকৃত ভোক্তার সংখ্যা	মন্তব্য
১	মাজপাড়া	২০ জন	
২	চাঁদভা	২ জন	
৩	দেবোত্তর	৩ জন	
৪	একদন্ত	১৪ জন	
৫	লক্ষীপুর	১ জন	
	মোট =	৪০ জন	

খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০২৪' অনুসারে উপকারভোগীদের তালিকা হালনাগাদ করতে হবে। কোন উপকারভোগীর মৃত্যু হলে, কোন উপকারভোগী অন্যত্র স্থানান্তরিত হলে এবং উপকারভোগী দারিদ্র্য থেকে উত্তরণ ঘটলে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ভিডলিউবি কর্মসূচির উপকারভোগীদের সাথে দ্বৈততা থাকলে যাচাই-বাছাই করে সে সকল উপকারভোগীর স্থলে নতুন উপকারভোগী অন্তর্ভুক্ত করে তালিকা হালনাগাদ করতে হবে। যদি কোন ভোক্তা মৃত্যুবরণ করে থাকে তার মৃত্যুসনদ, তার কার্ড নম্বর, এনআইডি নম্বরসহ সকল তথ্যাদি এবং উল্লেখিত কারণসমূহে কোন ভোক্তা বাতিল হলে বাতিলের কারণ প্রমাণকসহ মন্তব্য কলামে উল্লেখ করে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: খাদ্যবান্ধব কর্মসূচির ছক ০১ (এক) পাতা।

প্রাপক:

- ১। চেয়ারম্যান/প্রশাসক ও সভাপতি ইউনিয়ন খাদ্যবান্ধব কমিটি (সকল) ইউনিয়ন পরিষদ, আটঘরিয়া, পাবনা।
- ২। প্রশাসনিক কর্মকর্তা ও সদস্য সচিব ইউনিয়ন খাদ্যবান্ধব কমিটি (সকল) ইউনিয়ন পরিষদ, আটঘরিয়া, পাবনা।


০৭.০৭.২৫
মো: মিনহাজুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা খাদ্যবান্ধব কমিটি
আটঘরিয়া, পাবনা।

স্মারক নং-১৩.০১.৭৬০৫.০০১.৫৭.০২৬.২৫-

তারিখ- ০৯/০৭/২০২৫খ্রি:

অনুলিপিঃ সদয় অবগতির/অবগতি ও কার্যার্থে:

- ১। জেলা প্রশাসক, পাবনা।
- ২। প্রশাসক, উপজেলা পরিষদ আটঘরিয়া, পাবনা।
- ৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, পাবনা।
- ৪। অফিস কপি।

11
উপজেলা নির্বাহী অফিসার
আটঘরিয়া, পাবনা।